

ইসলাম জিজ্ঞাসা ও জবাব

আল মুনায্জিদ

মহাপরিচালক: শাইখ মুহাম্মদ সালেহ

1812 - কোন ধূমপায়ী ধূমপান করার সময় তার পাশে বসে থাকার হুকুম কি?

প্রশ্ন

প্রশ্ন: হারাম ধূমপান সর্বত্র ছড়িয়ে পড়ার বিষয়টি কারো অজানা নয়; কর্মস্থলে, বাড়ীতে ও পাবলিক স্থানগুলোর সবখানে।

প্রশ্ন হচ্ছে— ধূমপায়ীদের সাথে বসে থাকা কি জায়গে? কোন ধূমপায়ীর সাথে আপনি নিজগৃহে কিংবা সাধারণ স্থানে বসে

থাকলে তাকে রেখে কি উঠে যত্নে হবে কিংবা সখোন থেকে বেরিয়ে যত্নে হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

আলহামদুলিল্লাহ।

যমেনটি প্রশ্নকারী ভাই উল্লেখ করছেন— সাধারণ দলিলপ্রমাণের ভিত্তিতে ধূমপান হারাম। এ বিষয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সুন্নিদৃষ্টি কোন দলিল নেই। কারণ ধূমপান পরবর্তী যামানায় উদ্ভাবিত হয়েছে। তবে, শরয়ী নীতিমালা সাধারণ এবং কোন কোন দলিলে ধূমপান হারাম হওয়ার ইঙ্গিত একবোরহে সুন্নিদৃষ্টি। যদি আপনার পাশে কোন ধূমপায়ী থাকে এবং ধূমপান করতে চায় তাহলে আপনি তাকে কামেল ভাষায় উপদেশ দিন; আপনি বলুন: ভাই, ধূমপান করা হারাম ও অবধৈ।

আমার ধারণা আপনি যদি তাকে কামেল কথা দিয়ে উপদেশ দেন সে শুনবে; এটি পরীক্ষিত। আমাদের যমেন এ ধরণের অভিজ্ঞতা আছে; অন্যদেরও অভিজ্ঞতা আছে। যদি এরপরও তিনি ধূমপান চালিয়ে যান তাহলে আপনার কর্তব্য হবে তাকে ছেড়ে চলে যাওয়া; আল্লাহ তাআলার সেরা কারণে: “কতিব তনি তোমাদের প্রতি নায়িল করছেন যে, যখন তোমরা শুনবে, আল্লাহর আয়াত প্রত্যাখ্যাত হচ্ছে এবং তা নিয়ে বিদ্রূপ করা হচ্ছে, তখন যে পর্যান্ত তারা অন্য প্রসঙ্গে লিপ্ত না হবে তোমরা তাদের সাথে বসো না, নয়তো তোমরা তাদের মত হবে।”[সূরা নসি, আয়াত ১৪০] তবে, পাবলিক স্থানগুলোর ক্ষেত্রে এ বিধান। আর কর্মস্থলে ক্ষেত্রে আপনি যদি তাকে নসীহত করেন কিন্তু সে না শুনবে এতে করে উক্ত চাকুরীতে বহাল থাকলে আপনার গুনাহ হবে না। কারণ এক্ষেত্রে আপনি নিরীপায়; আপনি এ অবস্থাকে এড়াতে পারবেন না।